রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, সেপ্টেম্বর ২৮, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**(মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৭ ভাদ্র ১৪২৬/২২ আগস্ট ২০১৯

নং **৪৯.০০.০০০০.০০৫.৩১.০০৩.১৭-১৭৭**—দেশের বৈদেশিক মুদ্রা অর্জনকারী অন্যতম খাত বৈদেশিক কর্মসংস্থানকে আরো গতিশীল ও দক্ষ করে তোলা, রিক্রুটিং এজেন্সিগুলোর কর্মকাণ্ডে আরো স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, অভিবাসন প্রক্রিয়ায় যুক্ত দালাল ও প্রতারকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, ভিসা নিয়ে অনৈতিক প্রতিযোগিতা বন্ধ করা এবং বিদেশগামী কর্মীদের যথাযথ স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপভাবে **"জেলা ভিজিলেন্স টাস্কফোর্স"** কমিটি এবং **"উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স"** কমিটি গঠন করা হলো :

(ক) জেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি

| ক্রঃ নং | কমিটির সদস্যবৃন্দ | অবস্থান |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ২ | পুলিশ সুপার | সদস্য |
| ৩ | সিভিল সার্জন | সদস্য |
| ৪ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | সদস্য |
| ৫ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৬ | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৭ | উপপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) | সদস্য |
| ৮ | ব্যাটালিয়ন কমান্ডার, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) এর প্রতিনিধি | সদস্য |
| ৯ | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১০ | সহকারী কমিশনার, প্রবাসী কল্যাণ ডেস্ক | সদস্য |
| ১১ | কোস্ট গার্ডের একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |


মূল্য : টাকা ৮.০০

| ক্রঃ নং | কমিটির সদস্যবৃন্দ | অবস্থান |
|---|---|---|
| ১২ | জেলা আনসার এডজুট্যান্ট | সদস্য |
| ১৩ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৪ | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র | সদস্য |
| ১৫ | অধ্যক্ষ, সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিএসসি) | সদস্য |
| ১৬ | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৭ | জেলা নির্বাচন অফিসার | সদস্য |
| ১৮ | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস | সদস্য |
| ১৯ | বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| ২০ | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ২১ | বায়রা কর্তৃক মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ২২ | Association of Travel Agents of Bangladesh (ATAB) এর একজন প্রতিনিধি | সদস্য |
| ২৩ | Tour Operations Association of Bangladesh (TOAB) এর একজন প্রতিনিধি | সদস্য |
| ২৪ | হজ্ব এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (HAAB) এর একজন প্রতিনিধি | সদস্য |
| ২৫ | উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস | সদস্য-সচিব |

বিঃদ্রঃ—যে সকল জেলায় জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস নেই সেসব জেলাতে অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন।

**জেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটির কার্যপরিধি :**

১। কর্মী অভিবাসনের নামে অবৈধ অভিবাসন সংক্রান্ত তথ্য সংগ্রহ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ;

২। অভিবাসন সংক্রান্ত অভিযোগ গ্রহণ, পরিবীক্ষণ ও নিষ্পত্তিকরণ;

৩। বৈধ ও অবৈধপথে যথাযথ ভ্রমণ ডকুমেন্ট ব্যতিরেকে কর্মের উদ্দেশ্যে বিদেশ গমনেচ্ছু কর্মীর যাত্রা বিরতকরণ এবং আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপনসহ বৈধভাবে বিদেশ গমনে উৎসাহিতকরণ;

৪। কর্মের উদ্দেশ্যে বিদেশ গমনেচ্ছু কর্মীকে অবৈধভাবে বিদেশ প্রেরণে নেপথ্যে থাকা অপরাধীদের খুঁজে বের করার উদ্যোগ গ্রহণ এবং আইনের আওতায় আনয়ন;

৫। অভিবাসী কর্মীর অভিবাসন সংক্রান্ত অবৈধ কার্যক্রম রোধকল্পে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক তাৎক্ষণিক দণ্ডদানের নির্দেশনা প্রদান এবং প্রযোজ্য ক্ষেত্রে থানায়/জুডিসিয়াল আদালতে মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণ;

৬। অত্যধিক অভিবাসন ব্যয় সম্পর্কিত তথ্য গ্রহণ এবং তা রোধকল্পে চিহ্নিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ;

৭। ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীর তথ্য সংক্রান্ত এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;

৮। ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীর ক্ষতিপূরণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

৯। বিদেশ প্রত্যাগত ও বিদেশ গমনেচ্ছু কর্মীকে কারিগরি প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নে উৎসাহদান ও উদ্যোগ গ্রহণ;

১০। জেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটির তত্ত্বাবধানে প্রতি মাসে অন্তত একবার অভিযান পরিচালনা এবং প্রতি দু'মাসে অন্তত একবার সভা আহ্বান;

১১। সভার কার্যবিবরণী এবং অভিযানের প্রতিবেদন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে প্রেরণ, সুপারিশ বাস্তবায়ন ও তদারকী করা;

১২। সরকারের নির্দেশে এবং স্থানীয় পরিস্থিতির ভিত্তিতে অভিবাসন সংক্রান্ত কল্যাণমূলক অন্যান্য কার্যাবলি সম্পাদন;

১৩। জেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।

**খ) উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি**

| ক্রঃ নং | **কমিটির সদস্যবৃন্দ** | **অবস্থান** |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৩ | উপজেল কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৪ | অধ্যক্ষ/প্রতিনিধি টিটিসি | সদস্য |
| ৫ | অফিসার ইন-চার্জ | সদস্য |
| ৬ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা নির্বাচন অফিসার | সদস্য |
| ৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৩ | র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‌্যাব) এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১৪ | কোস্ট গার্ডের একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১৫ | উপপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১৬ | বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| ১৭ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১৮ | ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি | সদস্য |
| ১৯ | উপজেলা কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ০১ (এক) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২০ | বায়রা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ২১ | Association of Travel Agents of Bangladesh (ATAB) এর একজন প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ২২ | Tour Operations Association of Bangladesh (TOAB) এর একজন প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ২৩ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য-সচিব |

**উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটির কার্যপরিধি :**

১। কর্মী অভিবাসনের নামে মানব পাচার রোধকল্পে তথ্য সংগ্রহ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ;

২। অভিবাসন সংক্রান্ত অভিযোগ গ্রহণ, পরিবীক্ষণ ও নিষ্পত্তিকরণ;

৩। বৈধ ও অবৈধ পথে যথাযথ ভ্রমণ ডকুমেন্ট ব্যতিরেকে কর্মের উদ্দেশ্যে বিদেশ গমনেচ্ছু কর্মীর যাত্রা বিরতকরণ এবং আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপনসহ বৈধভাবে বিদেশ গমনে উৎসাহিতকরণ;

৪। কর্মের উদ্দেশ্যে বিদেশ গমনেচ্ছু কর্মীকে অবৈধভাবে বিদেশ প্রেরণে নেপথ্যে থাকা অপরাধীদের খুঁজে বের করার উদ্যোগ গ্রহণ এবং আইনের আওতায় আনয়ন;

৫। অভিবাসী কর্মীর অভিবাসন সংক্রান্ত অবৈধ কার্যক্রম রোধকল্পে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক তাৎক্ষণিক দণ্ডদান এবং প্রযোজ্য ক্ষেত্রে থানায়/জুডিসিয়াল আদালতে মামলা দায়েরের ব্যবস্থাগ্রহণ;

৬। অত্যধিক অভিবাসন ব্যয় সম্পর্কিত তথ্য সংগ্রহ করা এবং তা রোধকল্পে চিহ্নিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থাগ্রহণ;

৭। বিদেশ প্রত্যাগত ও বিদেশ গমনেচ্ছু কর্মীকে কারিগরি প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নে উৎসাহদান ও উদ্যোগ গ্রহণ;

৮। ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীর তথ্য সংগ্রহ এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;

৯। ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীর ক্ষতিপূরণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

১০। উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটির তত্ত্বাবধানে কর্তৃক প্রতি মাসে অন্তত একবার অভিযান পরিচালনা এবং প্রতি দু'মাসে অন্তত একবার সভা আহবান;

১১। সভার কার্যবিবরণী এবং অভিযানের প্রতিবেদন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে প্রেরণ, সুপারিশ বাস্তবায়ন ও তদারকি করা;

১২। সরকারের নির্দেশে এবং স্থানীয় পরিস্থিতির ভিত্তিতে অভিবাসন সংক্রান্ত কল্যাণমূলক অন্যান্য কার্যাবলি সম্পাদন;

১৩। উপজেলা ভিজিলেন্স টাস্কফোর্স কমিটি কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে।

জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমিনুর রহমান**
উপসচিব (এনফোর্সমেন্ট)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd